

🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯:৬৩

া আরবি মূল আয়াত:

وَ لَئِن سَاَلتَهُم مَّن نَّزَّلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاحيَا بِهِ الأرضَ مِن بَعدِ مَوتِهَا لَيَقُولُنَّ اللهُ اَ قُلِ الحَمدُ لِلهِ اَ بَل اَكثَرُهُم لَا يَعقِلُونَ ﴿٣٣﴾ لَيَقُولُنَّ اللهُ اَ قُلِ الحَمدُ لِلهِ اَ اللهُ الكَثَرُهُم لَا يَعقِلُونَ ﴿٣٣﴾

আর তুমি যদি তাদেরকে প্রশ্ন কর, 'কে আসমান থেকে পানি বর্ষণ করেন, অতঃপর তা দ্বারা যমীনকে তার মৃত্যুর পর সঞ্জীবিত করেন'? তবে তারা অবশ্যই বলবে, 'আল্লাহ'। বল, 'সকল প্রশংসা আল্লাহর'। কিন্তু তাদের অধিকাংশই তা বুঝে না। — আল-বায়ান

যদি তুমি তাদেরকে জিজ্ঞেস কর- আকাশ হতে কে পানি বর্ষণ ক'রে যমীনকে তার মৃত্যুর পর আবার সঞ্জীবিত করেন? তারা অবশ্য অবশ্যই বলবে- আল্লাহ। বল, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। কিন্তু তাদের অধিকাংশই বুঝে না। — তাইসিরুল

যদি তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ ভূমি মৃত হওয়ার পর আকাশ হতে বারি বর্ষণ করে কে ওকে সঞ্জীবিত করে? তারা অবশ্যই বলবেঃ আল্লাহ! বলঃ প্রশংসা আল্লাহরই। কিন্তু তাদের অধিকাংশই এটা অনুভব করেনা। — মুজিবুর রহমান

And if you asked them, "Who sends down rain from the sky and gives life thereby to the earth after its lifelessness?" they would surely say " Allah." Say, "Praise to Allah "; but most of them do not reason. — Sahih International

৬৩. আর যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, আকাশ হতে বারি বর্ষণ করে কে ভূমিকে সঞ্জীবিত করেন তার মৃত্যুর পর? তারা অবশ্যই বলবে, আল্লাহ। বলুন, সমস্ত প্রশংসা আল্লাহরই।(১) কিন্তু তাদের অধিকাংশই এটা অনুধাবন করে না।

(১) এখানে "সমস্ত প্রশংসা আল্লাহর জন্য" শব্দগুলোর দু'টি অর্থ প্রকাশিত হচ্ছে। একটি অর্থ হচ্ছে, এসব যখন আল্লাহরই কাজ তখন একমাত্র তিনিই প্রশংসার অধিকারী। অন্যেরা প্রশংসা লাভের অধিকার অর্জন করলো কোথায় থেকে? দ্বিতীয় অর্থটি হচ্ছে, আল্লাহর শোকর, তোমরা নিজেরাও একথা স্বীকার করছো। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া



(৬৩) যদি তুমি ওদেরকে জিজ্ঞাসা কর, 'ভূমি মৃত হওয়ার পর কে আকাশ হতে বৃষ্টি বর্ষণ করে ওকে সঞ্জীবিত করে?' ওরা অবশ্যই বলবে, 'আল্লাহ।' বল, 'সমস্ত প্রশংসা আল্লাহর।' কিন্তু ওদের অধিকাংশই জ্ঞান করে না। [1]

[1] কারণ, জ্ঞানী হলে ও জ্ঞান করলে তারা নিজ প্রতিপালকের সাথে সাথে পাথর ও মৃতদেরকেও প্রতিপালক মনে করত না এবং তাদের মাঝে স্ববিরোধিতা থাকত না। যেহেতু আল্লাহ তাআলাকে স্রষ্টা ও প্রতিপালক স্বীকার করার পরেও তারা মূর্তিদেরকে প্রয়োজন পূরণকারী এবং ইবাদতের যোগ্য মনে করত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3403

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন